
প্রাথমিক ইংরেজি (প্রথম – অষ্টম)

# একটা পাঠ্য সংক্রান্ত পরিকল্পনা করা

## Planning around a text






ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

*TESS-ইন্ডিয়া ( টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট) -এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।*

*ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/)। OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।*

*TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।*

### *ভিডিও সম্পদসমূহ*

*এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে:*  *। এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক এককের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।*

*সংস্রকণ 1.0 EE07v1*
*West Bengal*

*তৃতীয় পক্েরষ উপাদ্ানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্ীমট একমট ক্িয়েমটভ মকনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধ্ীনে উপলব্দ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/*

*TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government*

# এই ইউনিটের বিষয়বস্তু

এই বিভাগটিতে, কীভাবে বিভিন্ন ভাষা এবং স্বাক্ষরতা-অ্যাক্টিভিটিকে একটি গল্প, একটি পাঠ বা একটি পাঠ্যবইয়ের সাথে সংযুক্ত করা যায়, সেটা নিয়ে আলোচনা করা হয়েছে। এছাড়াও বিভাগটি এই অ্যাক্টিভিটিগুলির জন্য দলগত কাজের ব্যবস্থাপনার দিকেও লক্ষ্য রাখে।

একটি গল্প, একটি কবিতা বা একটি খবরের কাগজের প্রবন্ধের সাহায্যেও অনেক কিছু করা যায়। ইংরেজি পাঠের জন্য আপনার পছন্দ করা যে কোনো পাঠের সঙ্গে সংযুক্ত অ্যাক্টিভিটি, শিক্ষার্থীদের ইংরেজি ভাষা দক্ষতায় উন্নতিকরণে সাহায্যের জন্য শুরুর ধাপ হতে পারে।

শিক্ষার্থীরা নতুন অভিজ্ঞতা পছন্দ করে, কিন্তু এছাড়াও তারা রুটিন পছন্দ করে যেখানে তারা নতুন দক্ষতা এবং চিন্তাভাবনার অভ্যাসের জন্য বার বার সুযোগ পেতে পারে। এই বিষয়গুলির মানে হল, ইংরাজী ক্লাসের জন্য আপনাকে আপনার পছন্দ করা কোন পাঠ্যাংশকে কেন্দ্র করে কার্যকলাপের পরিকল্পনা করার জন্য তৈরি থাকতে হবে। এছাড়াও আপনি আপনার অ্যাক্টিভিটিগুলি বিভিন্ন গ্রুপের শিক্ষার্থী এবং ক্লাসের মধ্যে মানিয়ে নেওয়ার জন্য নিজের মত উপযোগী করে নিতে পারেন।

এই বিভাগের অ্যাক্টিভিটিগুলি আপনাকে পরিকল্পনা, প্রস্তুতি, পরিচালনা এবং আপনার পছন্দের পাঠটির ওপর বিভিন্ন অ্যাক্টিভিটি মূল্যায়নের মাধ্যমে ধাপে ধাপে নিয়ে যাবে।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- ইংরেজি পাঠ্যবইয়ের পাঠগুলি বাড়ানো।
- ইংরেজি পাঠগুলির জন্য সংযুক্ত অ্যাক্টিভিটি/অ্যাক্টিভিটি  পরিকল্পনা করা।
- ইংরেজির জন্য শ্রেণিকক্ষের পরিচালনায় দক্ষতার উন্নতি করা।

# 1 একটি গল্প, অনেক অ্যাক্টিভিটি

যখন আপনি একটা গল্প বা কবিতার জন্য বিভিন্ন অ্যাক্টিভিটি  পরিকল্পনা করেন, তখন আপনি শিক্ষার্থীদের ভাষাগত  বিভিন্ন চাহিদা/প্রয়োজনএর  দিকে  নজর  দিতে  পারেন। কেস স্টাডি 1 -এ, একজন শিক্ষক একটি চেনা গল্পের সঙ্গে সংযুক্ত বহু অ্যাক্টিভিটি পরিকল্পনা করতে পারেন।

## কেস স্টাডি 1: শিক্ষিকা সুতপা, মিশ্র বয়সের জন্য একাধিক পরিকল্পনা করেন।

*সুতপা দিদিমনি  ক্লাস I, II এবং III এর বিভিন্ন বয়সের একটা বিশাল মিশ্র দলকে পড়ান।*

আমার শ্রেণিতে বিভিন্ন বয়স এবং সক্ষমতার শিক্ষার্থীরা আছে। বিভিন্ন দলকে আলাদা আলাদা ভাষার বই দেওয়ার বদলে, আমি একটা গল্পের ওপর শিক্ষণ অ্যাক্টিভিটি   পরিকল্পনা করি, যেটা প্রত্যেক দল নিজেদের কাংখিতমান  অর্জন করতে পারে।

উদাহরণস্বরূপ, আমার সব শিক্ষার্থী ‘The Puri Boy’ এর গল্পটি ভালোবাসে [সম্পদ 1 দেখুন]। এই গল্পটির জন্য, আমি বিভিন্ন বয়সের দলের জন্য চারটি অ্যাক্টিভিটি পরিকল্পনা করেছিলাম। আমি শিক্ষার্থীদের আলাদা আলাদা দলে রাখি এবং এই দলগুলির একটি দেওয়াল তালিকা প্রদর্শন করি। তারপর আমি শ্রেণিকক্ষ প্রস্তুত করি যাতে সপ্তাহের প্রত্যেক দিন একটি দলের একটি ‘Puri Boy’ অ্যাক্টিভিটি/কার্যকলাপের  ওপর কাজ করার জন্য জায়গা থাকে। কম বয়সের শিক্ষার্থীরা আমার সঙ্গে কাজ করে এবং অপেক্ষাকৃত বড় শিক্ষার্থীরা স্বাধীনভাবে কাজ করে – এটা তাদের শেখার জন্য একটা ভালো দক্ষতা।

দুই সপ্তাহ সময় ধরে, আমি দলগুলিকে সমস্ত অ্যাক্টিভিটি/কার্যকলাপের মধ্য দিয়ে আবর্তিত করি। আমি আর একটা দেওয়াল তালিকা তৈরি করি, যেটাতে প্রত্যেক দল রোজ কী করবে সেটা বলে দেওয়া আছে। দলের নামের তালিকা এবং অ্যাক্টিভিটি/কার্যকলাপের তালিকা শিক্ষার্থীদের ইংরেজি পড়তে উৎসাহ দেয়।

কখনও আমি দলগুলিকে মিশিয়ে দিই, যাতে বড়রা ছোটদের সাহায্য করতে পারে। এছাড়াও, আমি আশা করি যে, অপেক্ষাকৃত বড় শিক্ষার্থীরা কম বয়সীদের থেকে বেশি লিখবে।

'Puri Boy' গল্পটির জন্য এই হল আমার অ্যাক্টিভিটিগুলি। আপনি কি আন্দাজ করতে পারেন, কোন দলটি আমার সাথে কাজ করেছিল এবং কোন দলটি স্বাধীনভাবে কাজ করেছিল?

1. অন্যান্য প্রাণী যেমন একটি কুকুর, ছাগল, ষাঁড়, হাতি বা বানর এবং তারা যে শব্দ করে সেগুলি ব্যবহার করে গল্পটি ছবিসহ মুখে বলে পরিবর্ধিত করুন। শিক্ষার্থীরা আমাকে তাদের মাতৃভাষায় এই প্রাণীগুলির নাম বলবে।
2. বোর্ড থেকে পড়ুন এবং অন্যান্য ক্রিয়াসূচক শব্দগুলি অভ্যাস করুন:
   - Run, run, as fast as you can
   - Jump, jump, as high as you can
   - Skip, skip, as far as you can
   - Walk, walk, as far as you can

   নিশ্চিত করুন যে, শারীরিক প্রতিবন্ধকতাযুক্ত শিক্ষার্থীরা যেন নিজেদের বাদ না ভাবে, এগুলি ব্যবহার করা যেতে পারেঃ
   - Eat, eat as much as you can
   - Clap, clap as loud as you can
   - Sleep, sleep as long as you can
3. শব্দ অনুসন্ধান: শিক্ষার্থীরা এই শব্দগুলিতে লুকানো শব্দ(গুলি)সনাক্ত কর: 'catch', 'woman', 'late', 'fast' এবং 'dough'। কম সক্ষম শিক্ষার্থীরা এবং কম বয়সের শিক্ষার্থীরা ছবি এবং শব্দ মেলায়।
4. ইংরেজি সংলাপগুলি অভ্যাস করুন এবং জোড়ায় জোড়ায় লিখুন: একজন শিক্ষার্থী হল কথা বলা পুরি এবং অন্য একজন শিক্ষার্থী পুরির সাথে কথা বলে। গল্পের মধ্যের শব্দ এবং বাক্যগুলি ব্যবহার করা দিয়ে শুরু করুন এবং অন্যান্য ইংরেজি বাক্যাংশগুলি চেষ্টা করুন যেমন 'Oh no! Don't eat me! I will run away!'

আমি সবসময় সমর্থ শিক্ষার্থীদের করার জন্য কিছু অতিরিক্ত কার্যকলাপের পরিকল্পনা করি, যেমন:

- গল্প বাড়ানো এবং আলাদা সমাপ্তি: যদি শেয়ালটি পুরি ছেলেটিকে না খেত তাহলে কী হতে পারে তা বল বা লেখ।
- নতুন চরিত্র তৈরি করুন যেমন একটি কথা বলা গাড়ি, একটি কথা বলা পুতুল, অথবা একটি কথা বলা চাপাটি এবং বল বা এই নতুন চরিত্রগুলি দিয়ে নতুন কিছু গল্প লেখ।

পরিশেষে, আমি সমস্ত শ্রেণির অ্যাক্টিভিটি/কার্যকলাপের জন্য পরিকল্পনা করি। এটা সবার জন্য একসাথে শেখার সুযোগ করে দেয়:

- মুখোশ তৈরি: গল্প থেকে যে কোনো চরিত্র একটা কাগজের ওপর আঁকো। চোখগুলো কেটে নাও। মুখোশের উভয় দিকেই একটা ছিদ্র কর। ছিদ্রগুলো সুতো দিয়ে বাঁধ এবং শেষ মাথাগুলো বেঁধে ফেল। অতিরিক্ত শব্দসমূহ যেগুলি হাতের কাজ থেকে বেরিয়ে আসে, যেমন 'draw', 'cut', 'string', 'eyes' ইত্যাদি সেগুলো শেখার দিকে নজর দাও। কারুশিল্পের উৎসগুলি ইংরেজিতে লেবেল কর।
- নাটকের খসড়া লেখা: চরিত্রগুলির মধ্যে সংলাপ, নতুন চরিত্রগুলি, নতুন ক্রিয়াসূচক শব্দগুলি, মুখোশগুলি ব্যবহার করে গল্পটি অভিনয় করা।

শিক্ষার্থীরা একই গল্পে ফিরে যেতে বিষণ্ণ হয় না। একটি গল্প ঘিরে বিভিন্ন অ্যাক্টিভিটি/কার্যকলাপের পরিকল্পনা, তাদের এবং আমাকেও-একটা পরিচিত এবং খেলার মত প্রসঙ্গ ব্যবহার করে বারবার ইংরেজি অভ্যাস করার সুযোগ দেয়। একটা পাঠ্যাংশ ঘিরে একাধিক অ্যাক্টিভিটি থাকার জন্য শিক্ষার্থীদের কাছে ইংরেজিতে আত্মবিশ্বাস বাড়ানোর সময় থাকে এবং যখন আমি দল নিয়ে কাজ করি তখন আমার কাছে মূল্যায়নের সুযোগ থাকে।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনার কি মনে হয় যে, আপনার শিক্ষার্থীরা এই ধরনের গল্পভিত্তিক শিক্ষা উপভোগ করবে? কেন বা কেন নয়?
- একজন শিক্ষক হিসেবে এমন সেশনগুলি তৈরি করতে আপনার কাছে কোনগুলি কঠিন মনে হয়?
- আপনার কি মনে হয় যে, আপনি সব না হলেও এই ধরনের কিছু সেশন অর্জন করাতে পারতেন?

পরবর্তী অ্যাক্টিভিটিগুলি আপনাকে একাধিক অ্যাক্টিভিটি পরিকল্পনা, পরিচালনা এবং মূল্যায়ন করতে সাহায্য করবে।

## অ্যাক্টিভিটি 1: একটি গল্পের সাথে একাধিক অ্যাক্টিভিটি পরিকল্পনা করুন

যদি সম্ভব হয় এই অ্যাক্টিভিটিগুলি সহকর্মীদের সাথে করুন। নীচের ছোট গল্পটি ব্যবহার করুন অথবা আপনার ইংরেজি পাঠ্যবই থেকে যে কোনো একটি পছন্দ করে নিন।

**‘রাজা’ (‘Raja’)**

Raja called Shyama to come and play with him. Shyama said that he had to work and could not play. Raja went to a field with a ball. Raja saw honey bees and called them to play. The honey bees said they could not play as they had to work. He then saw ants. Raja called out, ‘Ants! Ants! Come let us play!’ ‘No, we cannot play. We have to work,’ said the ants. Raja went home. He helped his father at work. Father said, ‘You are a good boy.’ Raja felt happy.

ভাবুন এবং রাজার খেলার সাথী খোঁজার গল্পের ওপর সম্ভাব্য অ্যাক্টিভিটিগুলির তালিকা তৈরি করুন। সেই অ্যাক্টিভিটিগুলির সম্পর্কে ভাবুন যেগুলি পরবর্তী উপাদানগুলিকে যুক্ত করতে পারে।

- আঁকা এবং কারুশিল্প
- খেলাগুলি
- নাটক, সংলাপ বা চরিত্র অভিনয়
- পড়া
- লেখা
- ইংরেজি ব্যবহার করে অন্যান্য বিষয়ের সঙ্গে সংযোগ।

আপনার এটি করার সময় আপনার শিক্ষার্থীদের বিভিন্ন ক্ষমতা সম্পর্কে ভাবুন। কীভাবে অ্যাক্টিভিটিগুলি তাদের শিখনে সহায়তা করে?

রাজার গল্পটি শেখাবার জন্য তৃতীয় শ্রেণির শিক্ষকর যা ভেবেছিলেন সেগুলি নিচে দেওয়া হোল। প্রত্যেক কার্যকলাপে, পড়া, লেখা বা ইংরেজি বলায় জোর দেওয়া হয়েছে।

- **কারুশিল্প অ্যাক্টিভিটি:** পোকামাকড় এবং প্রাণীদের মুখোশ তৈরি করুন। শ্রেণিতে একজন দৃষ্টিপ্রতিবন্ধী বা অন্ধ শিক্ষার্থীর জন্য, অন্য শিক্ষার্থীরা মুখোশের রূপরেখা তৈরি করে দেয়। সরঞ্জাম এবং উপকরণগুলি (মুখোশ, কাগজ, কাঁচি, রঙ, তার) ইংরেজিতে লেবেল করুন।
- **নাটক/ভুমিকায় অভিনয়:** কারুশিল্প কার্যকলাপে তৈরি মুখোশগুলি ব্যবহার করে অন্যান্য প্রাণীর এবং রাজার বন্ধুদের সংলাপগুলি অভিনয় করে বলুন। ইংরেজি উচ্চারণ এবং কথা বলা ব্যবহার করা অভ্যাস করুন।
- **পাঠ করা এবং শব্দভাণ্ডার উন্নতিকরণ:** চকবোর্ড বা পাঠ্যবই থেকে 'Come let us play' এবং 'No, we cannot play' বাক্যগুলি দেখে গল্পটি একসাথে জোরে জোরে পড়ুন। বাক্যগুলির মধ্যে বিভিন্ন শব্দগুলি প্রতিস্থাপন করুন, যেমন 'Come let us dance', 'Come let us cook' বা 'Come let us sing' এবং 'No, we cannot dance/cook/sing'। নতুন শব্দতালিকার দিকে লক্ষ্য রাখুন।
- **লেখা:** গল্পটি থেকে স্পিচ বাবলসহ দৃশ্যগুলির একটি সিরিজ আঁকুন এবং সংলাপের মত করে লিখুন। লিখন প্রতিবন্ধী শিক্ষার্থীদের দৃশ্যগুলিকে  লেবেল করতে উৎসাহ দিন। ইংরেজি লেখার চেষ্টাকে উৎসাহ দিন।
- **অন্য বিষয়গুলিতে সংযোগঃ** পোকামাকড় এবং প্রাণীদের আবাসস্থল এবং পোকামাকড় এবং স্তন্যপায়ীদের পার্থক্য ব্যাখ্যা করতে ইংরেজি ব্যবহার করুন।  ভাষা শিক্ষার বাইরে ইংরেজি ব্যবহার করুন।

এখন অনধিক  তিনটি অ্যাক্টিভিটি বাছাই করুন, যাতে আপনার মনে হয় যে, আপনি একটি ছোট গল্প এবং একটি কবিতা ব্যবহার করে বাস্তবায়ন করতে পারেন। একটি পাঠ বেছে  নিন যেটি আপনি এবং আপনার শিক্ষার্থীরা উপভোগ করবেন। সেই অ্যাক্টিভিটিগুলি বেছে  নিন যেগুলিতে আপনি আপনার শিক্ষার্থীদের সঙ্গে করতে নিজেকে আত্মবিশ্বাসী মনে করবেন। আপনি কারুশিল্প বা খেলার ক্ষেত্রে বেশি আত্মবিশ্বাসী বোধ করতে পারেন, অথবা আপনি একটা পাঠ করার কার্যকলাপের ক্ষেত্রে বেশি সুরক্ষিত বোধ করতে পারেন। যখন আপনি একটা গল্প বেছে নিয়েছেন এবং কিছু কার্যকলাপের ব্যাপারে ভেবে নিয়েছেন, আপনার সহকর্মীদের সাথে আপনার ভাবনাগুলি নিয়ে আলোচনা করুন। তাদের মতামত নিন এবং আপনার ভাবনাগুলির পরিমার্জনা করুন।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনি কি শিক্ষার্থীদের বয়সভিত্তিক দলে রাখবেন অথবা ক্ষমতাভিত্তিক দলে রাখবেন?
- আপনার কি দুটো বা তিনটে দল থাকবে, যারা বিভিন্ন অ্যাক্টিভিটি করবে, নাকি সমস্ত শিক্ষার্থীরা একই অ্যাক্টিভিটি করবে?
- আপনি আপনার শ্রেণিকক্ষের স্থান কীভাবে সাজাবেন?
- কিরকম সম্পদ আপনার প্রয়োজন?
- কীভাবে আপনি আপনার শিক্ষার্থীদের আপনার পরিকল্পনার কথা জানাবেন?
- যেসব শিক্ষার্থীর শেখার প্রয়োজনীয়তা আছে তাদের জন্য আপনার কী কী অতিরিক্ত পরিকল্পনা করার দরকার?

শিক্ষার্থীদের একাধিক কার্যকলাপে সংগঠিত করার জন্য আরও শেখার উদ্দেশ্যে সম্পদ 2 দেখুন, 'দলগত কাজ ব্যবহার করা'।

এখন আরও বিবরণ যোগ করে এই অ্যাক্টিভিটিটি চালিয়ে যান।

## অ্যাক্টিভিটি 2: একাধিক অ্যাক্টিভিটির জন্য বিস্তারিত পরিকল্পনা

যখন পরিকল্পনা পুঙ্খানুপুঙ্খ এবং নমনীয় হয় তখন একাধিক অ্যাক্টিভিটি ভালো কাজ করে। এখানে কিছু বিষয় আছে যেগুলি বিবেচনা করতে হবে।

সময়জ্ঞান

নির্দেশগুলি দেওয়ার জন্য যতটুকু সময় লাগে সেটা ধরে, শিক্ষার্থীদের দলে ভাগ করে, যন্ত্রপাতি সরিয়ে এবং সম্পদ বিলি করে প্রত্যেক কার্যকলাপের জন্য কতটুকু সময় আপনার প্রয়োজন হবে?

উদাহরণ স্বরূপ, কেস স্টাডি 1–এ 'The Puri Boy' -এর কার্যকলাপের জন্য:

- গল্পটিকে বিবৃত করা বা পাঠ করা: 20 মিনিট
- নতুন ক্রিয়াসূচক শব্দগুলি পড়ানো এবং অভ্যাস করা: 15 মিনিট (শিক্ষার্থীদের একটা বৃত্তে দাঁড়াবার নির্দেশ দেওয়া এবং শোনা, আবার করা ইত্যাদি ধরে নিয়ে)
- মুখোশ তৈরি: 30 মিনিট (সম্পদ বিলি করা এবং নির্দেশগুলি পুনরায় বলার সময় ধরে)।

আপনি দেখতে পাচ্ছেন, একটা শ্রেণির বরাদ্দকৃত সময় সবকিছু ভালভাবে করার জন্য যথেষ্ট নয়। অ্যাক্টিভিটিগুলি দুটো বা তার বেশি সময়কাল ধরে, অথবা সপ্তাহের আলাদা আলাদা দিনগুলিতে পরিকল্পনা করা উচিৎ। কোন বাধা ছাড়াই অ্যাক্টিভিটিগুলি সম্পন্ন করতে স্কুল ক্যালেন্ডারে উপযুক্ত সময় বের করুন।

ইংরেজি ভাষা

ইংরেজি ভাষা শিক্ষার জন্য অ্যাক্টিভিটিগুলিকে সুযোগে পরিণত করুন। কোন কোন শব্দ বা শব্দগুচ্ছগুলো আপনি শিক্ষার্থীদের অভ্যাস করাতে চান? আপনি কীভাবে নিশ্চিত হবেন যে, এগুলি ব্যবহার হয়েছে? এই শব্দগুলির এবং শব্দগুচ্ছগুলোর একটি তালিকা তৈরি করুন। আপনি এগুলিকে কোন বোর্ড বা পোস্টারে করে আপনার শ্রেণিকক্ষে প্রদর্শন করতে পারেন।

শ্রেণিকক্ষের স্থান এবং সংগঠন করা

আপনি হয়তো আপনার শ্রেণিকক্ষ যেভাবে আছে সেটা পরিবর্তন করতে চাইবেন। আপনার কি চেয়ার বা ডেস্কগুলি সরানোর দরকার আছে? শিক্ষার্থীরা এটা করতে আপনাকে সাহায্য করতে পারে। আপনি কীভাবে শিক্ষার্থীদের শুরু, শেষ করতে বা একটি অ্যাক্টিভিটি থেকে অন্য কার্যকলাপে পরিবর্তন করতে সংগঠিত করবেন? শিক্ষার্থীদের সংগঠিত করতে এবং তাদের মনোযোগ আকর্ষণ করতে ইংরেজি শব্দ এবং শব্দগুচ্ছগুলো ব্যবহার করুন। এখানে কিছু উদাহরণ দেয়া হলো:

- 'Turn around and face each other.'
- 'Turn your chairs around.'
- 'Form a circle.'
- 'Move around quietly.'
- 'Listen to me.'
- 'Is everyone ready?'

- ‘Please stop and look at me.’
- ‘It’s time to stop now.’

এখন আপনার অ্যাক্টিভিটি, আপনার শ্রেণিকক্ষ এবং শিক্ষার্থীদের সঙ্গে সঙ্গতিপূর্ণ কিছু শব্দগুচ্ছ উদ্ভাবন করুন। একজন সহকর্মীর সঙ্গে অথবা বাড়িতে অভ্যাস করুন।

সম্পদ এবং শ্রেণিকক্ষ পরিচালনা করা

আপনার যে সব সম্পদের দরকার তাদের তালিকা করুন। আপনি কীভাবে সম্পদগুলির বন্টন করবেন? উদাহরণস্বরূপ, আপনি:

- পূর্বেই টেবিলেগুলির ওপর সম্পদগুলি সাজিয়ে রাখুন এবং নির্দেশ দিন প্রতিটি টেবিলে কত জন শিক্ষার্থী দাঁড়াবে
- শিক্ষার্থীদের নিজেদেরকে দলে ভাগ করতে বলুন এবং প্রত্যেক দলের একজনকে সম্পদগুলি তোলার জন্য দায়িত্ব অর্পণ করুন
- শিক্ষার্থীদের নাম ধরে ডাকুন এবং সম্পদগুলি সংগ্রহ করতে বলুন।

কোন একটি গল্প বা অন্য পাঠের ওপর ভিত্তি করে একাধিক কার্যকলাপের জন্য আপনার এখন একটা অত্যন্ত বিস্তারিত পরিকল্পনা থাকা উচিৎ, যা আপনার পাঠদানের সময়ের মধ্যে সম্পন্ন হবে, আপনি যে ইংরেজী ভাষার ব্যবহার করবেন তা আপনার ছাত্রদের উৎসাহিত করবে এবং তাদের প্রয়োজনীয় সম্পদ গুলির প্রাপ্তি নিশ্চিত করবে।

একজন সহকর্মীর সাথে আপনার পরিকল্পনাটি পুন:সমীক্ষা এবং আলোচনা করুন, যদি প্রয়োজন হয় তাহলে আবার করুন।

# 2 শ্রেণিকক্ষে একাধিক অ্যাক্টিভিটি

একাধিক অ্যাক্টিভিটি বড় শ্রেণিগুলিকে এবং মিশ্র বয়সের এবং মিশ্র ক্ষমতার শ্রেণিগুলিকে পরিচালনা করার ক্ষেত্রে কার্যকরী ভূমিকা নিতে পারে। এটা আপনার জন্য নির্দিষ্ট দলগুলিকে আপনার সাথে আরও মন দিয়ে কথা বলার, পাঠ করার, লেখার সেশনের জন্য এটা একটা বিশেষ সুযোগ প্রদান করে, যখন অন্য দলগুলি অন্য কাজ করছে। এভাবে, প্রত্যেক শিক্ষার্থী সপ্তাহের কিছুটা সময় আপনার সাথে মন দিয়ে পড়তে পারবে। আপনি যখন একটা ছোট দলের সাথে পড়ছেন, তখন আপনার কাছে প্রত্যেকের স্বতন্ত্রভাবে পাঠ এবং উন্নতির মূল্যায়নের সুযোগ থাকবে।

যখন শিক্ষার্থীরা তাদের কাজ নিয়ে ব্যস্ত থাকবে তখন আপনি কী করবেন, এটা ভাবা জরুরি। আপনি হয়ত চারিদিকে ঘুরবেন এবং পাঠের সময় প্রত্যেক দলের উন্নতি পর্যবেক্ষণ করতে পারবেন। আপনি যখন দলগত কাজ শুরু করবেন, শিক্ষার্থীরা তাদের কাজ করছে কি না সেটা নিশ্চিত করাটা প্রায়শঃই কাজের, কিন্তু আপনার শিক্ষার্থীদের স্বাধীনভাবে কাজ করার জন্য উৎসাহ দেওয়াও উচিৎ - এমনকি যদি দশ মিনিটের জন্যেও হয় তবুও। এটা তাদের নিজস্ব শেখার দক্ষতাকে তৈরি করবে।

সম্ভাব্যতার জন্য পরিকল্পনা করার কথা মনে রাখুন। আপনার পরিকল্পনায় কী ভুল হতে পারে বা পরিকল্পনার মাঝখানে কী এসে যেতে পারে? শিক্ষার্থীরা এইভাবে কাজ করতে অভ্যস্ত নাও হতে পারে বা তারা আপনার নির্দেশ নাও বুঝতে পারে। আপনার নিজের অ্যাক্টিভিটি পুনরায় সংগঠিত করার জন্য বা নির্দেশাবলী নতুন করে বলার জন্য তৈরি থাকা উচিৎ।

শিক্ষার্থীদের পরিষ্কার নির্দেশ দিন, যাতে তারা তাদের ব্যবহার এবং পরিশ্রমের ফসলের নিরিখে কী দরকার সেটা বুঝতে পারে। নির্দেশগুলি পুনরায় বলুন এবং শিক্ষার্থীরা সেটা বুঝেছে কিনা নিশ্চিত হতে তাদের পুনরায় বলতে উৎসাহ দিন। দেখতে পাচ্ছেন যে, এই ভূমিকায় আপনার নিজের জন্য ইংরেজি অভ্যাস এবং বলার সুযোগ আছে।

প্রাথমিকভাবে শ্রেণি বা দলগুলি পরিচালনা সহ আপনাকে বিস্তারিতভাবে কোন পরিকল্পনা করতে হতে পারে। কিছু সময় পরে, আপনি আবিষ্কার করবেন যে, অ্যাক্টিভিটিগুলি সহজতর হয়ে গেছে কারণ শিক্ষার্থীরা এই রুটিনে অভ্যস্ত হয়ে গেছে।

যখন আপনি অ্যাক্টিভিটি 1 এবং 2-এ আপনার তৈরি করা পরিকল্পনাটি প্রয়োগ করবেন, এই প্রশ্নগুলির উত্তর দিতে চেষ্টা করুন, যাতে আপনি এর ফলাফল থেকে শিখতে পারেন এবং আপনার শিক্ষাকে ভবিষ্যতের পাঠগুলির জন্য ব্যবহার করতে পারেন।

- আপনি কী সব থেকে বেশি উপভোগ করেছিলেন? কেন?
- শিক্ষার্থীরা কী উপভোগ করেছিল?
- কী করলে পরিকল্পনাটি আরও ভালো হত?
- কোন সীমা পর্যন্ত অ্যাক্টিভিটিগুলি শিক্ষার্থীদের ইংরেজি অভ্যাস করার সুযোগ দিয়েছিল?
- বিভিন্ন শিক্ষার্থীর প্রয়োজনের নিরিখে আপনি কীভাবে অ্যাক্টিভিটি পরিকল্পনায় বিভিন্নতা এনেছিলেন?
- আপনার নিজের ইংরেজি অভ্যাস করার জন্য সেখানে কী সুযোগ ছিল?
- পরবর্তী সময়ে আপনি কোনটা অন্যভাবে করবেন?





ভিডিও: পাঠ্য পরিকল্পনা করা

# 3 সারসংক্ষেপ

এই বিভাগটিতে এই বিষয়ে আলোকপাত করা হয়েছে যে, পাঠ্যবইয়ের কার্যকারিতা বাড়াতে আপনি কীভাবে অ্যাক্টিভিটি সংগঠিত করবেন, যাতে শিক্ষার্থীরা ইংরেজি শিখতে এবং অভ্যাস করতে পারবে। ভালভাবে ইংরেজি শিখতে হলে, শিক্ষার্থীদের আপনার দ্বারা প্রস্তুত বিভিন্ন রকম ভাষার অভিজ্ঞতা দরকার।

শুধু পাঠ্যবই ব্যবহার করে ইংরেজি ভাষায় সাবলীলতা বাড়ানো যায় না। ভাগ্যক্রমে, ভারতের জাতীয় পাঠক্রম এবং বেশিরভাগ রাজ্যের পাঠক্রম শিক্ষকদের বেছে নিতে এবং শিক্ষার্থীদের অতিরিক্ত অ্যাক্টিভিটি প্রয়োজনীয়তা অনুসারে পরিকল্পনা করতে স্বাধীনতা দেয়।

সূতরাং একটা আকর্ষণীয় এবং অর্থপূর্ণ ভাষা শিক্ষার অ্যাক্টিভিটি ব্যপ্তির জন্য আপনার ইংরেজি পাঠ্যবইটির ব্যাপারে ভাবুন যেখানে আপনি আপনার সৃষ্টিশীলতা এবং শিক্ষামূলক দক্ষতা ব্যবহার করতে পারেন।

এই বিষয়ে অন্যান্য প্রাথমিক ইংরেজি শিক্ষক উন্নয়ন ইউনিটগুলি হল:

- *সৃজনশীল কলার মাধ্যমে ইংরেজি শেখা*
- *ইংরেজি এবং বিষয়বস্তুর সমন্বয়*
- *এক সাথে পড়া*
- *পড়ার উন্নতি করা এবং পর্যবেক্ষণ করা।*

# সম্পদসমূহ

## সম্পদ 1: 'The Puri Boy'

Once upon a time, an old woman and her husband lived alone in a little old house. They had no children. One day the woman made a puri shaped like a boy. She carefully rolled out the dough, and cut out a very nice-looking boy. What a fine looking boy he was!

The old woman put him in the pan full of hot oil, to fry. After he was fully fried and fluffy, she carefully lifted him from the pan. Up jumped the puri boy, and he ran out the door saying, 'Run, run, as fast as you can! You can't catch me! I'm the puri boy!'

The old woman and the old man ran after him, but they could not catch him.

And so the Puri boy ran and ran. While he was running, he met a cow.

'Moo,' said the cow. 'You look very fine! Fine enough to eat!' and the cow started to chase the little boy.

But the puri boy ran faster, saying, 'I ran away from an old woman, I ran away from an old man, and I can run away from you!'

And he laughed, 'Run, run, as fast as you can! You can't catch me! I'm the puri boy!'

The cow ran after the puri boy, but it could not catch him.

While he ran, he met a cat.

'Meow,' said the cat. 'You look good enough to eat. I'm going to eat you, puri boy.'

But the puri boy just laughed, 'I ran away from an old woman, I ran away from an old man, I ran away from a cow, and I can run away from you!'

And so he ran singing, 'Run, run, as fast as you can! You can't catch me! I'm the puri boy!'

The cat ran after the puri boy, but it could not catch him. The puri boy was proud that he could run so fast.

'Nobody can catch me,' he thought. So he kept on running until he met a fox. He wanted to tell the fox how he ran faster than all the others.

'Mr Fox,' he said, 'I ran away from an old woman, I ran away from an old man, I ran away from a cow, I ran away from a cat, and I can run away from you.'

'Why would I want to eat you?' asked Mr Fox. 'I do not like puris.'

The puri boy was happy to hear this. He stopped running. Immediately, the fox ate him up. The fox said, 'Sorry, puri boy – I do like puris.'

# সম্পদ 2: দলগত কাজ ব্যবহার করা

দলগত কাজ হল একটা পদ্ধতিমাফিক, সক্রিয়, শিক্ষাবিজ্ঞানগত কৌশল যা ছোট দলগুলির শিক্ষার্থীদের সাধারণ লক্ষ্যের সাফল্য অর্জনের জন্য একসাথে কাজ করতে উৎসাহিত করে। এই ছোট ছোট দলগুলো সুসংহত কার্যকলাপের মাধ্যমে আরও সক্রিয় এবং কার্যকর শিক্ষাদানকে উৎসাহিত করে।

## দলগতভাবে কাজ করার সুবিধা

দলগতভাবে কাজ আপনার শিক্ষার্থীদেরকে চিন্তা করতে, মতবিনিময় করতে, ধারণা ও চিন্তাধারা আদান প্রদান করতে, এবং সিদ্ধান্ত নিতে উৎসাহিত করে তাদেরকে শেখার জন্য অনুপ্রানিত করার এক অত্যন্ত কার্যকর উপায় হতে পারে। আপনার শিক্ষার্থীরা শিখতে এবং অন্যদের শেখাতে, দুটোই পারে: এটি শিক্ষার একটা শক্তিশালী এবং সক্রিয় রূপ।

দলগতভাবে কাজ হল শিক্ষার্থীদের দল বেঁধে বসার থেকে অনেক বেশি কিছু; এর জন্য সকলকেই একটি স্পষ্ট উদ্দেশ্যযুক্ত কাজে অংশ নিতে ও অবদান দিতে হয়। আপনি শেখানোর জন্য কেন দলগতভাবে কাজের ব্যবহার করছেন সেই সম্পর্কে আপনার স্পষ্ট ধারণা থাকতে হবে এবং বক্তৃতা করা, জুটিতে কাজ করা বা শিক্ষার্থীদের নিজে নিজে করার পরিবর্তে এটা কেন বাঞ্ছনীয় তা জানতে হবে। অতএব, দলগত কাজ সুপরিকল্পিত এবং উদ্দেশ্যপূর্ণ হতে হবে।

## দলগত কাজের পরিকল্পনা

কখন এবং কীভাবে আপনি দলগত কাজ ব্যবহার করবেন তা পাঠক্রমের শেষে আপনি কি শিখণ অর্জন করতে চান তার উপর নির্ভর করবে। আপনি পাঠের শুরুতে, মাঝপথে বা শেষে দলগত কাজ অন্তর্ভুক্ত করতে পারেন, তবে আপনার যথেষ্ট সময় দেওয়া দরকার। আপনি শিক্ষার্থীদের দিয়ে যে কাজটি সম্পূর্ণ করাতে চান সেই বিষয়ে এবং দলগুলো সংগঠিত করার সেরা উপায় সম্পর্কে আপনাকে ভাবতে হবে।

শিক্ষক হিসেবে আপনি দলগত কাজের সাফল্য নিশ্চিত করার লক্ষ্যে আপনি এই ভাবে কিছু আগাম পরিকল্পনা করতে পারেন:

- দলগত কার্যকলাপের লক্ষ্য এবং প্রত্যাশিত ফলাফল
- মতামত প্রদান বা সংক্ষেপে কোনো কাজের বর্ণনা সহ, তার জন্য বরাদ্দ সময়
- কীভাবে দল ভাগ করবেন (কতগুলো দল, প্রত্যেক দলে কতজন শিক্ষার্থী, দলগতভাবে বিচার্য বিষয়)
- কীভাবে দলগগুলো সংগঠিত করবেন (বিভিন্ন দলের সদস্যদের ভূমিকা, প্রয়োজনীয় সময়, উপকরণ, নথিবদ্ধ করা এবং প্রতিবেদন তৈরি করা)
- কীভাবে কোনো মূল্যায়ন পদ্ধতি পরিচালনা ও নথিবদ্ধ করা হবে (দলগত মূল্যায়ন থেকে ব্যক্তিগত মূল্যায়নকে আলাদা করে চিহ্নিত করতে যত্নশীল হোন)
- কীভাবে আপনি দলগত অ্যাক্টিভিটিগুলো নিরীক্ষণ করবেন।

## দলগতভাবে করণীয় কাজগুলো

আপনি আপনার শিক্ষার্থীদের যে কাজ সম্পূর্ণ করতে বলেন তা নির্ভর করে আপনি তাদের যা শেখাতে চান তার উপর। দলগত কাজে অংশ নিয়ে তারা একে অপরের কথা শোনা, তাদের ধারণাগুলো ব্যাখ্যা করা এবং সহযোগিতামূলকভাবে

কাজ করার মত দক্ষতাগুলো শিখবে। তবে, তাদের জন্য প্রধান লক্ষ্য হল আপনি যে বিষয়টি শেখাচ্ছেন সেটা সম্পর্কে কিছু শেখা। করণীয় কাজের কিছু উদাহরণ নিম্নরূপ:

- **উপস্থাপনা:** শিক্ষার্থীরা শ্রেণির বাকি সহপাঠীদের জন্য একটা উপস্থাপনা প্রস্তুত করতে দলগতভাবে কাজ করে। প্রতিটি দল যদি বিষয় সম্পর্কে ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি উপস্থাপনা করে তবে তা সবচেয়ে কার্যকরী হয়, তাহলে একই বিষয়ে বারবার শোনার থেকে বরং তারা একে অপরের কথা শুনতে উদ্দীপিত হয়। প্রতিটি দলের ক্ষেত্রেই উপস্থাপন করার সময় সম্পর্কে খুব কঠোর হতে হবে এবং ভাল উপস্থাপনা নির্বাচন করার জন্য নির্দিষ্ট মানদণ্ডগুলো স্থির করতে হবে। পাঠ শুরুর আগেই, বোর্ডে এগুলো লিখুন। শিক্ষার্থীরা তাদের উপস্থাপনার পরিকল্পনা এবং একে অপরের কাজের মূল্যায়ন করার জন্য এই মানদণ্ডগুলো ব্যবহার করতে পারে। মানদণ্ডগুলোতে অন্তর্ভুক্ত থাকতে পারে:
  - উপস্থাপনাটি কি স্পষ্ট ছিল?
  - উপস্থাপনাটি কি সুসংগঠিত ছিল?
  - আমি কি উপস্থাপনাটি থেকে কিছু শিখতে পেরেছিলাম?
  - উপস্থাপনাটি কি আমাকে ভাবিয়ে তুলেছিল?
- **সমস্যার সমাধান:** কোন সমস্যা বা এক গুচ্ছ সমস্যার সমাধান করতে শিক্ষার্থীরা দলগতভাবে কাজ করে। এতে বিজ্ঞানের একটা পরীক্ষা পরিচালনা করা, গণিতের সমস্যা সমাধান, ইংরেজিতে একটা গল্প বা কবিতা বিশ্লেষণ, বা ইতিহাসের প্রমাণ বিশ্লেষণ অন্তর্ভুক্ত থাকতে পারে।
- **একটা হস্তনির্মিত বস্তু বা পণ্য তৈরি করা:** শিক্ষার্থীরা একটা গল্প নির্মান, নাট্যাংশ, সঙ্গীতাংশ মডেল তৈরি করে, কোন ধারণা ব্যাখ্যা করার জন্য, কোনো বিষয়ে একটা সংবাদ প্রতিবেদন অথবা পোস্টার বানিয়ে কোনো ধারণা ব্যাখ্যা অথবা সারাংশ করার জন্য তারা দলগতভাবে কাজ করে। একটি নতুন বিষয় শুরু করার আগে দলগুলোকে বৌদ্ধিক আলোড়ণ (Brainstorming) বা চিন্তনের রূপরেখা (Mind Map) তৈরি করার জন্য পাঁচ মিনিট সময় দেওয়া হলে, তাদের সক্রিয়তা আপনাকে তাদের বর্তমান জ্ঞান সম্পর্কে জানতে সাহায্য করে, এবং যথাযথ শিখণ মাত্রার পাঠ পরিকল্পনা করতেও সহায়তা করবে।
- **পৃথকীকৃত কর্ম:** বিভিন্ন বয়স বা বিভিন্ন দক্ষতার শিক্ষার্থীদের কোন উপযুক্ত করণীয় কাজ একসঙ্গে করার জন্য দলগত কাজ একটা ভালো সুযোগ করে দেয়। কাজটি ব্যাখ্যা করার সুযোগ পেয়ে উচ্চ সামর্থযুক্ত উপকৃত হতে পারে, পক্ষান্তরে স্বল্প সামর্থ্যযুক্ত শিক্ষর্থীদের পক্ষে পুরো শ্রেণির তুলনায় একটা দলের মধ্যে প্রশ্ন জিজ্ঞাসা করায় সাবলীল হবে এবং তারা তাদের সহপাঠীদের কাছ থেকেও শিখবে।
- **আলোচনা:** শিক্ষার্থীরা একটি বিষয় বিবেচনা করে এবং সিদ্ধান্তে আসে। বিভিন্ন বিকল্প বিবেচনা করার জন্য শিক্ষার্থীদের যথেষ্ট জ্ঞান থাকা নিশ্চিত করতে আপনাকে যথেষ্ট প্রস্তুতি নিতে হতে পারে, তবে একটা আলোচনা বা বিতর্ক আয়োজন করা আপনার ও তাদের উভয়ের জন্য অত্যন্ত ফলপ্রসূ হতে পারে।

## দলগুলোকে সংগঠিত করা

চার থেকে আট জনের দল আদর্শ তবে এটা আপনার শ্রেণির আকার, বাস্তব পরিবেশ ও আসবাবপত্র, এবং আপনার শিক্ষার্থীদের সামর্থ্য ও বয়সের সীমার উপর নির্ভর করবে। আদর্শভাবে একটা দলের প্রত্যেকের একে অপরকে দেখা, চিৎকার করে কথা বলা এবং দলগত কাজের ফলাফলে অবদান রাখা প্রয়োজন।

- কীভাবে এবং কেন আপনি শিক্ষার্থীদের দলে বিভক্ত করবেন তা স্থির করুন; উদাহরণস্বরূপ, আপনি বন্ধুত্ব, আগ্রহ অথবা অনুরূপ বা মিশ্র দক্ষতা অর্জন অনুযায়ী দলগুলোকে বিভক্ত করতে পারেন। বিভিন্ন পদ্ধতি নিয়ে পরীক্ষানিরীক্ষা করুন এবং প্রতিটি শ্রেণিতে কোনটা সবথেকে ভালভাবে কাজ করে তা পর্যালোচনা করুন।

- আপনি দল সদস্যদের যে সমস্ত ভূমিকা দেবেন (উদাহরণস্বরূপ, লিপিকার, মুখপাত্র, সময় রক্ষক বা সরঞ্জাম সংগ্রাহক), এবং আপনি এটা কীভাবে সুস্পষ্ট করবেন তা পরিকল্পনা করুন।

## দলগতভাবে কাজ পরিচালনা করা

ভাল দলগত কাজ পরিচালনা করতে আপনি রুটিন এবং নিয়ম তৈরি করতে পারেন। আপনি নিয়মিত দলগত কাজ ব্যবহার করলে, শিক্ষার্থীরা জানবে যে আপনি কি আশা করেন এবং এটাকে আনন্দদায়ক বলে মনে করবে। দল ও দলের সঙ্গে একসঙ্গে কাজ করার সুবিধা চিহ্নিত করার জন্য, আপনার শ্রেণির সঙ্গে কাজ করা প্রাথমিকভাবে একটা ভাল ধারণা। দলগত কাজে ভাল আচরণ বলতে কী বোঝায় তা আপনার আলোচনা করা উচিত, এবং সম্ভবত 'নিয়মাবলী'র একটা তালিকা তৈরি করা উচিত যা প্রদর্শন করা যেতে পারে; উদাহরণস্বরূপ, 'একে অপরের জন্য সম্মান', 'শোনা', 'একে অপরকে সাহায্য করা', 'একাধিক ধারণা চেষ্টা করা', প্রভৃতি।

দলগত কাজ সম্পর্কে পরিষ্কার মৌখিক নির্দেশ দেওয়া গুরুত্বপূর্ণ যা সূত্র হিসেবে ব্ল্যাকবোর্ডেও লেখা যেতে পারে। আপনাকে করতে হবে:

- আপনার পরিকল্পনা অনুযায়ী আপনার শিক্ষার্থীদের যে দলে কাজ করতে হবে সেই দলে যোগ দেওয়ার নির্দেশ দিন, সম্ভবত শ্রেণিকক্ষের এলাকাগুলোও চিহ্নিত করে দিতে পারেন যেখানে তারা কাজ করবে বা কোনো আসবাবপত্র বা বিদ্যালয় ব্যাগ সরানো সম্পর্কে নির্দেশাবলী প্রদান করুন
- করণীয় কাজটি সম্পর্কে খুব স্পষ্ট ধারণা থাকতে হবে এবং সংক্ষিপ্ত নির্দেশাবলী বা ছবিতে এটা বোর্ডে লিখুন। আপনার শুরু করার আগে আপনার শিক্ষার্থীদের প্রশ্ন জিজ্ঞাসা করার অনুমতি দিন।

পাঠের সময়, পর্যবেক্ষণ করতে চারিদিকে ঘুরুন এবং দলগুলো কীভাবে কাজ করছে তা পরীক্ষা করুন। তারা কাজ থেকে বিচ্যুত হয়ে গেলে বা আটকে পড়লে, যেখানে প্রয়োজনে পরামর্শ দিন।

আপনি কাজের সময় দল পরিবর্তন করতে পারেন। আপনি দলগত কাজের ব্যাপারে আত্মবিশ্বাসী বোধ করলে এই দুটো কৌশল চেষ্টা করে দেখতে পারেন – বড় শ্রেণি সামলানোর সময় এগুলো বিশেষভাবে সহায়ক হয়:

- **'বিশেষজ্ঞ দল:** প্রতিটি দলকে ভিন্ন কাজ দিন, যেমন বিদ্যুত্ উৎপাদনের একটা উপায় গবেষণা করা বা কোন নাটকের জন্য একটা চরিত্র তৈরি করা। একটি উপযুক্ত সময়ের পরে, দলগুলোকে পুনরায় সংগঠিত করুন যাতে সমস্ত মূল দল থেকে একজন 'বিশেষজ্ঞ'কে নিয়ে প্রতিটি নতুন দল তৈরি হয়। তারপর তাদের একটা কাজ দিন যেখানে সমস্ত বিশেষজ্ঞদের থেকে জ্ঞানকে এক জায়গায় জড় করতে হয়, যেমন কি ধরনের বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করতে হবে সেই সিদ্ধান্ত নেওয়া বা নাটকের একটা অংশ প্রস্তুত করা।
- **'দূত':** কাজটিতে কিছু সৃষ্টি করা বা কোন সমস্যার সমাধান করা জড়িত থাকলে, কিছুক্ষণ পর, প্রতিটি দলকে অন্য দলগতভাবে একজন দূত পাঠাতে বলুন। তারা ধারণাগুলোর বা সমস্যার সমাধানগুলোর তুলনা করতে পারে এবং তারপর তাদের নিজেদের দলে ফিরে গিয়ে মতামত প্রকাশ করতে পারে। এই ভাবে, দলগুলো একে অপরের থেকে শিখতে পারে।

কাজের শেষে, কি শেখা হয়েছে তা সংক্ষেপে বর্ণনা করুন এবং আপনি কোনো ভ্রান্ত ধারণা দেখতে পেলে তা সংশোধন করুন। আপনি প্রতিটি দল থেকে মতামত শুনতে চাইতে পারেন, অথবা শুধুমাত্র একটা বা দুটো দলকে জিজ্ঞাসা করতে পারেন, যাদের কিছু ভাল ধারণা আছে বলে আপনি মনে করেন। শিক্ষার্থীদের মতামত প্রদান করাটি সংক্ষিপ্ত রাখুন এবং কোন কাজটা ভালভাবে করা হয়েছে, কোনটা আকর্ষণীয় ছিল এবং কোনটা আরও উন্নত করা যেতে পারে তা শনাক্ত করে তাদেরকে অন্য দলগুলির কাজের উপর মতামত দিতে উৎসাহ দিন।

আপনি যদি আপনার শ্রেণিকক্ষে দলগত কাজ গ্রহণ করতে চান তাহলেও, কখনও কখনও এটা সংগঠিত করা আপনার কাছে কঠিন লাগতে পারে, কারণ কিছু শিক্ষার্থী:

- সক্রিয় শিখন প্রতিরোধ করে এবং অংশ নেয় না
- আধিপত্য বিস্তারকারী
- পারস্পরিক সম্পর্ক স্থাপনের কম দক্ষতার কারণে বা আত্মবিশ্বাসের অভাবে তারা অংশগ্রহণ করে না।

দলবদ্ধ কাজ পরিচালনায় কার্যকর হয়ে ওঠার জন্য, শেখার ফলাফল কতদূর পূরণ হয়েছিল এবং আপনার শিক্ষার্থীরা কতটা ভাল সাড়া দিয়েছিল (তারা সবাই কি উপকৃত হয়েছিল?) তা বিবেচনা করার পাশাপাশি উপরের সব পয়েন্টগুলো বিবেচনা করা গুরুত্বপূর্ণ। দলগত কাজ, সম্পদ, সময় বা দল গঠনে আপনি যে পরিবর্তনগুলো করতে পারেন তা বিবেচনা করুন এবং সাবধানে পরিকল্পনা করুন।

গবেষণা সুপারিশ করে যে শিক্ষার্থীদের সাফল্যকে ইতিবাচকভাবে প্রভাবিত করার জন্য সব সময় দলগত শিখণ প্রয়োগ করার প্রয়োজন নেই, তাই প্রতি পাঠে এটার ব্যবহার বাধ্যতামূলক বলে আপনার মনে করা উচিত নয়। আপনি দলগত কাজ ব্যবহার করাকে একটা পরিপূরক কৌশল হিসাবে বিবেচনা করতে পারেন, উদাহরণস্বরূপ একটা বিষয় পরিবর্তনের মধ্যে একটা বিরতি হিসাবে বা শ্রেণির কোন আলোচনা হঠাত্ শুরু করার জন্য। এছাড়াও আড়ষ্টতা দূর করার অ্যাক্টিভিটি হিসাবে বা অভিজ্ঞতামূলক শেখার অ্যাক্টিভিটি প্রচলন করার জন্যও এটা ব্যবহার করা যায় এবং শ্রেণিকক্ষে সমস্যা সমাধান অনুশীলন করতে, বা বিষয় পর্যালোচনা করতেও ব্যবহার করা যেতে পারে।

# অতিরিক্ত সম্পদসমূহ

- Karadi Tales: http://www.karaditales.com/
- National Book Trust India: http://www.nbtindia.gov.in/
- NCERT textbooks: http://www.ncert.nic.in/NCERTS/textbook/textbook.htm
- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en
- Textbooks of West Bengal Board of Primary Education and West Bengal Board of Secondary Education

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা


Bromley, H. (2000) *Book-based Reading Games.* London: Centre for Literacy in Primary Education.

Bryant, P. and Nunes, T. (eds) (2004) *Handbook of Children's Literacy.* Dordrecht: Kluwer Academic Publishers.

Dombey, H. and Moustafa, M. (1998) *Whole to Part Phonics: How Children Learn to Read and Spell.* London: Centre for Literacy in Primary Education.

Goswami, U. (2010a) 'Phonology, reading and reading difficulties' in Hall, K., Goswami, U., Harrison, C., Ellis, S. and Soler, J. (eds) *Interdisciplinary Perspectives on Learning to Read.* London: Routledge.

Goswami, U. (2010b) 'A psycholinguistic grain size view of reading acquisition across languages' in Brunswick, N., McDougall, S. and Mornay-Davies, P. (eds) *The Role of Orthographies in Reading and Spelling.* Hove: Psychology Press.

Graham, J. and Kelly, A. (2012) *Reading under Control: Teaching Reading in the Primary School.* London: Routledge.

Hall, K., Goswami, U., Harrison, C., Ellis, S. and Soler, J. (2010) *Interdisciplinary Perspectives on Learning to Read: Culture, Cognition and Pedagogy.* London: Routledge.

# কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে গ্রহণ না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

পুরি বালকটি': একটি ঐতিহ্যবাহিত গল্প যেটি RVEC দ্বারা গৃহীত এবং উন্নত হয়েছে (http://www.rvec.in/)।) The Puri Boy': a traditional tale adapted and developed by the RVEC (http://www.rvec.in/).

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।